

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
আইন শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০৬.২২.৪৫২

তারিখ: ১১ পৌষ ১৪৩০

২৬ ডিসেম্বর ২০২৩


বিষয়: মহামান্য হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রিম কোর্ট-এ দায়েরকৃত মামলা (রিট পিটিশন নং-১২৩৩৫/২০২৩ এবং ১৩৭৩৯/২০২৩) পরিচালনা সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নিম্নবর্ণিত ব্যক্তিবর্গ বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি অনুমোদন সংক্রান্ত আদেশের বিরুদ্ধে সংক্ষুব্ধ হয়ে মহামান্য হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রিম কোর্ট-এ রিট পিটিশন দায়ের করেছেন। দায়েরকৃত রিট পিটিশনের সংক্ষিপ্ত বিবরণ নিম্নরূপ:

ক্র:নং	মামলা নং	যে সংক্রান্ত মামলা	বাদীর নাম ঠিকানা	বিবাদীর নাম	পরিচালনা কর্তৃপক্ষ
১	১২৩৩৫/২০২৩	রংপুর জেলার পীরগাছা উপজেলাধীন “আনন্দনগর বহুমুখী উচ্চ বিদ্যালয়” এর ম্যানেজিং কমিটি অনুমোদন সংক্রান্ত।	জনাব মো: আব্দুল করিম, (অভিভাবক ম্যানেজিং নির্বাচন, আনন্দনগর বহুমুখী উচ্চ বিদ্যালয়, রংপুর।	সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় এবং চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুরসহ মোট ০৯ (নয়) জন।	চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর
২	১৩৭৩৯/২০২৩	লালমনিরহাট জেলার সদর উপজেলাধীন “কবি শেখ ফজলুল করিম বালিকা উচ্চ বিদ্যালয়” এর ম্যানেজিং কমিটি অনুমোদন সংক্রান্ত।	জনাব মো: জাহাঙ্গীর আলম, পিতা: মো: খাট্টা মাহমুদ, মাতা: মোসাঃ জাহেদা বেগম, গ্রাম: খুনিয়াগাছ, কালমতি, লালমনিরহাট সদর, জেলা: লালমনিরহাট।	সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় এবং চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুরসহ মোট ০৯ (নয়) জন।	চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

০২। এমতাবস্থায়, মহামান্য হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রিম কোর্ট-এ দায়েরকৃত মামলা (রিট পিটিশন নং-১২৩৩৫/২০২৩ এবং ১৩৭৩৯/২০২৩) সচিব মহোদয়ের পক্ষে পরিচালনার প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণপূর্বক ডাটাবেইজ-এ এন্ট্রি করে এ বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।



২৬-১২-২০২৩

মো: আব্দুল জলিল মজুমদার  
সহকারী সচিব

ফোন: ৫৫১০১১৬৯

ইমেইল: law.section1@shed.gov.bd

চেয়ারম্যান

চেয়ারম্যানের দপ্তর


মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০৬.২২.৪৫২/১(৩)

তারিখ: ১১ পৌষ ১৪৩০  
২৬ ডিসেম্বর ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২) সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]
- ৩) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



২৬-১২-২০২৩

মো: আব্দুল জলিল মজুমদার  
সহকারী সচিব